



ইসরায়েলের হাইফা বন্দরের একটি তেল শোধনাগারে ইরানের ক্ষেপণাস্ত্র হামলা, নিহত ৩



সংগৃহীত ছবি

ইসরায়েলের উত্তরাঞ্চলীয় বন্দরনগরী হাইফার একটি তেল শোধনাগারে ইরান ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। এতে ঘটনাস্থলেই তিনজনের মৃত্যু হয়েছে এবং শোধনাগারটিতে বড় ধরনের ক্ষয়ক্ষতি হয়েছে। ইসরায়েলি দৈনিক ইসরায়েল হায়োম জানিয়েছে, গতকাল রোববার সন্ধ্যায় এই হামলা হয়।

হতাহতদের মরদেহ ধ্বংসস্তুপ থেকে উদ্ধার করা হয়েছে। শোধনাগারটির মালিক প্রতিষ্ঠান বাজান গ্রুপ এক বিবৃতিতে জানিয়েছে, হামলার পরপরই কার্যক্রম সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হয়েছে। প্রাথমিক হিসাবে ক্ষতির পরিমাণ দাঁড়াতে পারে ১৫০ থেকে ২০০ মিলিয়ন মার্কিন ডলারের সমান।

চার দশকেরও বেশি সময় ধরে ইসরায়েল-ইরান শত্রুতা চলে আসছে। ফিলিস্তিনের ভূখণ্ড দখল ও সম্প্রসারণ এবং ইরানের পরমাণু কর্মসূচিকে কেন্দ্র করে এ বিরোধ আরও তীব্র আকার নিয়েছে।

এর আগে চলতি বছরের ১২ জুন ইসরায়েল ইরানের নাতাজ্জ, ফার্দৌ ও ইসফাহান শহরের পরমাণু স্থাপনা ও সামরিক ঘাঁটিতে বিমান হামলা চালায়। সেই অভিযানে ইরানের বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ স্থাপনা ধ্বংস হয় এবং সেনাপ্রধান জেনারেল মোহাম্মদ বাঘাইসহ অন্তত ১০ জন পরমাণু বিজ্ঞানী নিহত হন।

১২ দিনব্যাপী সংঘাতের পর যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ২৪ জুন দুই দেশের মধ্যে যুদ্ধবিরতি হয়। এর পর এবারই প্রথমবারের মতো ইসরায়েলের ভেতরে বড় ধরনের স্থাপনায় হামলা চালান ইরান।